DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:45 AM

জাতীয়

# শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ তিন দফা দাবিতে সায়েন্সল্যাব অবরোধ, পুলিশি বাধা

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৮:২৮ PM



শিক্ষামন্ত্রীর পদত্যাগসহ তিন দফা দাবিতে রাজধানীর সায়েন্সল্যাব মোড় অবরোধ করে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। পরে অবরোধ তুলে তাঁরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা অভিমুখে পদযাত্রা শুরু করেন। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য (ভিসি) চত্বর এলাকায় পৌঁছালে পুলিশ তাঁদের আটকে দেয়। এদিকে অবরোধ প্রত্যাহারের পর ধানমন্ডি-নিউমার্কেট সড়কে যান চলাচল স্বাভাবিক হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সরেজমিনে এই চিত্র দেখা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা সাড়ে ১১টার দিকে সায়েন্সল্যাব মোড়ে অবস্থান নেন শিক্ষার্থীরা। এতে ধানমন্ডি থেকে নিউমার্কেটমুখী সড়কে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। তীব্র যানজটে আটকা পড়ে সাধারণ মানুষকে চরম ভোগান্তিতে পড়তে হয়।

দুপুর সাড়ে ১২টার দিকে অবরোধ তুলে নিয়ে আন্দোলনকারীরা ঢাকা কলেজের সামনে জড়ো হন। সেখানে পরবর্তী কর্মসূচি নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করেন তাঁরা। এ সময় সচিবালয়, শিক্ষা ভবন নাকি শিক্ষা বোর্ডে যাবেনতা নিয়ে আন্দোলনকারীদের মধ্যে কিছুটা মতভেদ

দেখা দেয়।

আলোচনা শেষে শিক্ষার্থীদের একটি বড় অংশ বকশীবাজারে অবস্থিত ঢাকা শিক্ষা বোর্ডের উদ্দেশে পদযাত্রা শুরু করে। মিছিলটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতর দিয়ে যাওয়ার সময় ভিসি চত্বর এলাকায় পুলিশ তাঁদের আটকে দেয়। সেখানে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের কিছুক্ষণ কথা বলতে দেখা যায়।

এদিকে সায়েন্সল্যাব মোড় থেকে শিক্ষার্থীরা সরে যাওয়ায় ধানমন্ডি-নিউমার্কেট সড়কে যানবাহন চলাচল শুরু হয়েছে। ধীরে ধীরে ওই এলাকার যানজট পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে।


আন্দোলনরত শিক্ষার্থীরা জানিয়েছেন, দাবির সপক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে সুনির্দিষ্ট আশ্বাস না পাওয়া পর্যন্ত তাঁরা আন্দোলন চালিয়ে যাবেন।

---

## এ বিভাগের আরও খবর



**মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**
মুক্তিযুদ্ধে শহীদদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান...




**চোরাচালান ও পাচার রুখতে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে: স্বরাষ্ট্রমন্ত্রী**
সংঘবদ্ধ অপরাধী চক্রের ডিজিটাল প্ল্যাটফর্ম ও প্রযুক্তির অপব্যবহার রুখতে এবং মানব পাচার ও অভিবাসী চোরাচালান দমনে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে...

**সরকারি চাকরিজীবীরা ৪ ক্যাটাগরিতে ইনক্রিমেন্ট পাবেন , কোন গ্রেডে কত**
নবম পে স্কেলে নতুন নিয়মে ইনক্রিমেন্ট পাবেন সরকারি চাকরিজীবীরা। এ ক্ষেত্রে উচ্চ গ্রেডের তুলনায় অপেক্ষাকৃত বেশি সুবিধা ভোগ করবেন নিম্ন ও মধ্যম...




**বরখাস্ত হলেন সাবেক অতিরিক্ত পুলিশ সুপার তোহিদুল ইসলাম**
দীর্ঘদিন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (ইন্ডাস্ট্রিয়াল পুলিশ) মো. তোহিদুল ইসলামকে চাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/shikshamntrir-pdtjagsh-tin-dfa-dabite-sayensljab-obrodh-pulishi-badha